

বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' পাঠ করলো ১০ হাজার শিক্ষার্থী

■ গফরগাঁও (ময়মনসিংহ) সংবাদদাতা

গফরগাঁওয়ে 'অসমাপ্ত আত্মজীবনী' পাঠ ও বঙ্গবন্ধুকে জানো প্রতিযোগিতা উপজেলার 'মাধ্যমিক' পর্যায়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে। এ প্রতিযোগিতার আওতায় ইতোমধ্যে উপজেলার ৩২টি মাধ্যমিক বিদ্যালয়ের ১০ হাজার শিক্ষার্থী বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' বইটি পাঠ করেছে এবং তারা বিদ্যালয় কেন্দ্রিক মূল্যায়ন পরীক্ষায় অংশ নিয়েছে। স্থানীয় এমপি ফাহমী গোলন্দাজ বাবেলের উদ্যোগে গত ২৫ আগস্ট থেকে এ প্রতিযোগিতা শুরু হয়। আগামীকাল মঙ্গলবার সকালে উপজেলা সদরের খায়রুল্লাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় মাঠে চূড়ান্ত প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন স্থানীয় এমপি ফাহমী গোলন্দাজ বাবেল, ডি.স্বৈর্ধন করবেন বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সভাপতি

মন্সুরুল আহসান বুলবুল। উপস্থিত থাকবেন ময়মনসিংহের জেলা প্রশাসক মুত্তাকিম বিল্লাহ ফারুকী, মোজোনা ক্রপের চেয়ারম্যান আব্দুলরহমান, দৈনিক ইত্তেফাকের সহকারী সম্পাদক ও কথা সাহিত্যিক ফাইজুস সালেহীন, চ্যানেল আইয়ের হার্ডি সম্পাদক মীর মাসরুর জামান প্রমুখ। প্রতিযোগিতা আয়োজক কমিটির আহ্বায়ক গফরগাঁও প্রেসক্লাবের সাবেক সভাপতি আব্দুল্লাহ আল আমিন বিল্লাহ বলেন, 'অসমাপ্ত আত্মজীবনী' বইটি পাঠের মাধ্যমে উপজেলার ১০ হাজার শিক্ষার্থীর মধ্যে উন্মোচিত হয়েছে বাস্তব জাতির ইতিহাসের অনেক জানা-অজানা কাহিনী।

স্থানীয় এমপি ফাহমী গোলন্দাজ বাবেল বলেন, এটি একটি আন্দোলন। বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' পাঠের মাধ্যমে বঙ্গবন্ধুর চেতনায় নতুন প্রজন্ম গড়ে তোলার আন্দোলন। ক্রমে আন্দোলন সারাদেশে ছড়িয়ে দেয়া হবে।